

এল পি গ্যাস লিমিটেড  
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

সূত্র : ২৮.২৭.০০০০.০০৫.৮০.০০২.১৮-৭০

তারিখ : ০২/০৮/২০১৮ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা নির্দেশক্রমে সকলের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অত্র কোম্পানীর চট্টগ্রাম ও কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টের নিরাপত্তা ব্যবস্থা বিশেষভাবে আরো জোরদার ও সুরক্ষিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ যথাযথভাবে ও সর্তকতার সাথে পালন করতে হবে।

- ১) মেইন গেইট ও প্ল্যান্টের গেইট সর্বদা বন্ধ রাখতে হবে।
- ২) বহিরাগত/ দর্শনার্থী / মেহমান যার সংগে দেখা করতে চান তার সম্মতি ব্যতিত গেইটপাশ ইস্যু করা যাবে না। প্রয়োজ্য ক্ষেত্রে গেইটপাশ ইস্যুর পর তাঁদের বক্ষে প্রদর্শনের নিমিত্তে নিরাপত্তা শাখা দর্শনার্থীদের (visitors) পরিচয় সম্পর্কিত কার্ড প্রদান করবে এবং ফেরত যাওয়ার সময় উক্ত গেইট পাশ ও ভিজিটরস কার্ড জমা নিবে।
- ৩) বহিরাগত/দর্শনার্থী/মেহমানের সংগে কোন ব্রীফকেইস বা প্যাকেট থাকলে গেইট পাশ ইস্যুর পূর্বে উহা মেটাল ডিটেক্টর দ্বারা নিরাপত্তা শাখা কর্তৃক তল্লাশী করতে হবে। কোন ব্যাগ/ব্রীফকেইস/প্যাকেট/ক্যামেরা/ডিয়াশলাই/লাইটার ইত্যাদি কোন অবস্থাতেই প্ল্যান্টের ভিতর নেয়া যাবে না এবং অফিস ও প্ল্যান্টে প্রবেশের পূর্বে মেটাল ডিটেক্টর দ্বারা নিরাপত্তা শাখা কর্তৃক দেহ তল্লাশী করতে হবে।
- ৪) অত্র কোম্পানীর চট্টগ্রাম ও কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টে সরবরাহকৃত ও ক্রয়কৃত স্টোরের বিভিন্ন মালামাল সমূহ নিরাপত্তা শাখা কর্তৃক যথাযথভাবে তল্লাশী হওয়ার পর স্টোরে পাঠাতে হবে।
- ৫) প্রয়োজনের অতিরিক্ত খালী সিলিন্ডার ভর্তি ট্রাক প্ল্যান্টের ভিতরে অবস্থান করতে পারবে না এবং প্রত্যেকটি ট্রাক প্ল্যান্টে প্রবেশের পূর্বে নিরাপত্তা শাখা কর্তৃক যথাযথভাবে চেক করতে হবে। সেই সাথে নির্দিষ্ট রেজিস্টারে সংশ্লিষ্ট ট্রাকের নম্বর, ড্রাইভার ও হেলপারের নাম, ড্রাইভারের লাইসেন্স নম্বর ও তাদের স্বাক্ষর নিতে হবে।
- ৬) অত্র কোম্পানীর চট্টগ্রাম ও কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টে নিয়োজিত সকল দৈনিক শ্রমিক প্রতিদিন সকালে নিরাপত্তা শাখা কর্তৃক প্রদত্ত টোকেন গ্রহণ ও তাহা প্রদর্শন পূর্বক অফিস ও প্ল্যান্টে প্রবেশ করবে এবং অফিস ছুটির পর উক্ত টোকেন নিরাপত্তা শাখায় জমা দিবে।
- ৭) প্ল্যান্টে সার্চ লাইট, সিকিউরিটি এলার্ম, এবং ফায়ার ফাইটিং সরঞ্জামাদি সংশ্লিষ্ট শাখা কর্তৃক সর্বদা সচল রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৮) রাত্রিকালীন এবং ছুটির দিনে কর্মকর্তা ও নিরাপত্তা সুবেদার কর্তৃক আকস্মিক পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরিদর্শনকারী গেইটে রক্ষিত রেজিস্টারে প্ল্যান্টের নিরাপত্তা ও অন্যান্য বিষয়ে তাৎক্ষণিক মন্তব্য লিপিবদ্ধ করবেন।
- ৯) চট্টগ্রাম প্ল্যান্টের নিরাপত্তার বিষয়ে ইপিজেড থানা এবং কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টের নিরাপত্তার জন্য গোলাপগঞ্জ থানার সাথে আলোচনা করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা জোড়দার করার লক্ষ্যে থানা থেকে সার্বিক সহযোগিতার আশ্বাস পাওয়া গেছে। চট্টগ্রাম, ইপিজেড থানার ফোন নম্বর : ৭৪১১০০ এবং সিলেট, গোলাপগঞ্জ থানার ফোন নম্বর : ০১৭১৩৩৭৪৩৮৩, ০৮২২৭-৫৬৬২৪।
- ১০) কোম্পানীর চট্টগ্রাম ও কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টে কর্মরত সকল কর্মকর্তা ও শ্রমিক কর্মচারীদের নিজ নিজ পরিচয়পত্র বক্ষে প্রদর্শনের জন্য জানানো যাচ্ছে।
- ১১) কোম্পানীর চট্টগ্রাম ও কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টের সকল শ্রমিক কর্মচারীদের কোম্পানী হতে প্রদত্ত ইউনিফরম (পোষাক) পরিধান করার জন্য জানানো যাচ্ছে।
- ১২) কোম্পানীর চট্টগ্রাম ও কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টে রাত্রিকালীন পালায় নিরাপত্তা ব্যবস্থা সুরক্ষিত ও নিচিদ্র করতে হবে। সেই সাথে সিসি ক্যামেরার মাধ্যমে নিরিডভাবে সার্বক্ষণিক পর্যবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উপরোক্তিত পদক্ষেপসমূহ নিরাপত্তা শাখা কর্তৃক যথাযথভাবে পালন করতে হবে এবং কোম্পানীর চট্টগ্রাম ও কৈলাশটিলা, সিলেট প্ল্যান্টের সকল কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীবৃন্দকে এতদিয়ে অধিক সর্তক থীকা ও সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ আব্দুল মালুম সেন)

উপ-মহাব্যবস্থাপনি (এ.এস.পি.)

পক্ষে ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ : সদয় অবগতির জন্য।

- ১) সচিব, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
- ২) অফিসার ইন-চার্জ, ইপিজেড থানা, চট্টগ্রাম- আপনার প্রাপ্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৩) অফিসার ইন-চার্জ, গোলাপগঞ্জ থানা, সিলেট-আপনার প্রাপ্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

অনুলিপি :

- ১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), এলপিজিএল- সদয় অবগতির জন্য।